| | |
|---|---|
| | অতি জরুরী |
| | নথি পেশ করুন |
| (তথ্য ও অভিযোগ) | আলোচনা করুন |
| সি,এ | গোপনীয় |
| | নথিভুক্ত |

# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।


মোঃ আব্দুর রউফ
চেয়ারপার্সন
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
ফোনঃ ০২-৫৮৩১৫৫৭৮
ই-মেইলঃ chairmancc2012 @gmail.com


নং- ২৬.১২.০০০০.১০১.৯৯.০০৪.১৭-ডিও/১১/২০১৯ — ২১-১০-২০১৯ খ্রিঃ

স্মারকঃ ৪০৬০/২৭/২০/১৯/গোপ

প্রিয় ফেরদৌস খান,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করা, নিশ্চিত করা ও বজায় রাখার উদ্দেশ্যে সরকার প্রতিযোগিতা আইন, ২০১২ প্রণয়ন করেছে। এই আইনের আওতায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে সমাজে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন অংশীজনকে অবহিত করার নিমিত্ত প্রশাসন, ব্যবসায়ী ও গণমাধ্যম ব্যক্তিত্বদের নিয়ে সেমিনার আয়োজন, লিফলেট বিতরণ, টেলিভিশনে টকশোতে অংশগ্রহণ ছাড়াও পত্র পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

আপনি নিশ্চয় একমত হবেন যে, দেশে প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি হলে অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হয়, কর্মসংস্থান সৃষ্টি হয় এবং জনগণের জীবনমানের উন্নয়ন সাধিত হয়। তাই প্রতিযোগিতা আইন, ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকাণ্ড বিষয়ে সমাজে তথা শিক্ষা প্রতিষ্ঠান ও ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টি এবং প্রতিযোগিতা আইন কার্যকরভাবে বাস্তবায়নে সহায়তা করবে এমন ধারণা/পরামর্শ গ্রহণের লক্ষ্যে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর বা সমমান এবং কলেজ ও মাদ্রাসায় একাদশ ও দ্বাদশ শ্রেণী বা সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। **রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণে রচনার পাণ্ডুলিপি ২৮-১১-২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে কমিশনে পৌঁছাতে হবে।** এ রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে থেকে মূল্যায়ন কমিটির মাধ্যমে ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য বিশ্ববিদ্যালয় এবং কলেজ ও মাদ্রাসা পর্যায়ে মোট ৬ (ছয়) জন প্রতিযোগীকে চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে এবং নির্বাচিত ৬ (ছয়) জন প্রতিযোগীর জন্য আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা রয়েছে। এ প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে প্রচারিত বিজ্ঞাপন ও নিয়মাবলীর কপি এতদসংগে সংযুক্ত করা হল। তদুপরি, এ বিজ্ঞাপন ও নিয়মাবলী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ওয়েব পেজঃ www.ccb.gov.bd-তে দেয়া আছে।

এমতাবস্থায়, জেলা প্রশাসক হিসেবে আপনার জেলাধীন সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ, মাদ্রাসার শিক্ষার্থীদের কমিশন কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতা সম্পর্কে অবহিত করা এবং উদ্বুদ্ধ করার জন্য আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

(মোঃ আব্দুর রউফ)

**জনাব আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান**
**জেলা প্রশাসক**
**ঢাকা**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(শিক্ষা শাখা)
www.dhaka.gov.bd

স্মারক সংখ্যা- ০৫.৪১.২৬০০.০১৩.৫২.৫৬.১৬- ১০৭৯ — তারিখ: ১৬-১১-২০১৯খ্রিঃ

পত্রের মর্মানুযায়ী রচনার পান্ডলিপি ২৮/১১/২০১৯ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্টদের বরারব পত্রটির কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/১১/১৯

রেনু দাস
সহকারী কমিশনার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা

www.ccb.gov.bd

# 'উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা'

## বিষয়ক রচনা প্রতিযোগিতা

## সময় বর্ধিতকরণ বিজ্ঞপ্তি

প্রতিযোগিতা আইন, ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর কর্মকাণ্ড বিষয়ে সমাজে তথা শিক্ষা প্রতিষ্ঠান ও ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে আয়োজিত এ প্রতিযোগিতায় নিম্নে বর্ণিত স্তরের ছাত্র-ছাত্রীগণকে নির্ধারিত শর্তাবলী অনুসরণে অংশগ্রহণের আহবান করা যাচ্ছে:

### রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

(১) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (সকল সরকারি ও বেসরকারি, সাধারণ ও কারিগরি বিশ্ববিদ্যালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ও মাদ্রাসায় সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:
বিষয়ঃ উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা বিরোধী অনুশীলন প্রতিরোধে করণীয়। (১৮০০-২০০০ শব্দ)।

(২) কলেজ পর্যায়ে (সরকারি/বেসরকারি ও কারিগরি কলেজ) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে এবং মাদ্রাসায় সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:
**বিষয়ঃ বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক। (১৩০০-১৫০০ শব্দ)।**

মূল্যায়ন কমিটি ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য দুই ক্যাটাগরিতে মোট ৬ জন প্রতিযোগিকে চূড়ান্তভাবে নির্বাচন করবে।

শ্রেণীভিত্তিক পুরস্কারের মূল্য ও সম্মাননা সনদ:

বিশ্ববিদ্যালয় পর্যায়ে:
১। প্রথম পুরস্কার: নগদ ৩০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

কলেজ পর্যায়ে
১। প্রথম পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার: নগদ ১৫,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়ম ও বিস্তারিত শর্তাবলী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ওয়েবসাইট www.ccb.gov.bd এ দেয়া আছে।

বিঃ দ্রঃ রচনা জমা প্রদানের সর্বশেষ তারিখঃ **২৮ নভেম্বর ২০১৯ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।**

২৯/১০/১৯

মোঃ দেলোয়ার হোসেন
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

# 'উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা'

## বিষয়ক রচনা প্রতিযোগিতা

## সময় বর্ধিতকরণ বিজ্ঞপ্তি

প্রতিযোগিতা আইন, ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর কর্মকাণ্ড বিষয়ে সমাজে তথা শিক্ষা প্রতিষ্ঠান ও ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে আয়োজিত এ প্রতিযোগিতায় নিম্নে বর্ণিত স্তরের ছাত্র-ছাত্রীগণকে নির্ধারিত শর্তাবলী অনুসরণে অংশগ্রহণের আহবান করা যাচ্ছে:

### রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

(১) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (সকল সরকারি ও বেসরকারি, সাধারণ ও কারিগরি বিশ্ববিদ্যালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ও মাদ্রাসায় সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:
**বিষয়ঃ উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা বিরোধী অনুশীলন প্রতিরোধে করণীয়। (১৮০০-২০০০ শব্দ)।**

(২) কলেজ পর্যায়ে (সরকারি/বেসরকারি ও কারিগরি কলেজ) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে এবং মাদ্রাসায় সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:
**বিষয়ঃ বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক। (১৩০০-১৫০০ শব্দ)।**

শর্তাবলী:

১। রচনা A4 সাইজের কাগজে, লাইন স্পেস ১.৫, মার্জিন ১ ইঞ্চি রেখে এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) প্রিন্ট করতে হবে;

২। রচনা বাংলা ভাষায় লিখতে হবে। তবে কোন উদ্ধৃতি বা কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম/বক্তব্য কোট আনকোট করে ইংরেজী ভাষা ব্যবহার করা যাবে, তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং Plagiarism করা যাবে না;

৩। রচনার টপশীটে অংশগ্রহণকারীর নাম, ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর, ইমেইল (যদি থাকে) উল্লেখ করতে হবে। মূল রচনার কোন পৃষ্ঠায় এ সকল তথ্য উল্লেখ করা যাবে না, অন্যথায় রচনা সরাসরি বাতিল বলে গণ্য হবে;

৪। রচনার সাথে এককপি ছবিসহ অংশগ্রহণকারীর জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে;

৫। ছাত্র/ছাত্রীর ছাত্রত্ব সম্পর্কে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে;

৬। **২৮শে নভেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার** মধ্যে রচনার পাণ্ডুলিপি ডাকযোগে সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা বরাবরে পৌছাতে হবে; উক্ত সময়ের মধ্যে ব্যক্তিগতভাবেও উপস্থিত হয়ে জমা দেয়া যাবে, বিলম্বের কারণ যাই হোক না কেন নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত রচনা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না;

৭। প্রাপ্ত রচনাসমূহ অভ্যন্তরীণভাবে একটি কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে বাছাই করা হবে;

৮। প্রাথমিক বাছাই পর্বে নির্বাচিত রচনাসমূহ এ লক্ষ্যে গঠিত মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে;

৯। রচনা মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়ন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১০। দাখিলকৃত রচনা ফেরত প্রদান করা হবে না;

১১। দাখিলকৃত সকল রচনা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পদ হিসেবে বিবেচিত হবে এবং নিজস্ব প্রয়োজনে কমিশন উক্ত রচনার তথ্যাদি ব্যবহারের ক্ষমতা সংরক্ষণ করে;

১২। প্রথম স্থান অধিকারকারীর রচনা কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে; এবং

১৩। প্রতিযোগিতা কমিশনে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর সন্তান বা পরিবারের সদস্য এ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে না।

মূল্যায়ন কমিটি ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য দুই ক্যাটাগরিতে মোট ৬ জন প্রতিযোগিকে চূড়ান্তভাবে নির্বাচন করবে।

শ্রেণীভিত্তিক পুরস্কারের মূল্য ও সম্মাননা সনদ:

বিশ্ববিদ্যালয় পর্যায়ে:

১। প্রথম পুরস্কার: নগদ ৩০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

কলেজ পর্যায়ে

১। প্রথম পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার: নগদ ১৫,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

২১/১০/১৯

মোঃ দেলোয়ার হোসেন
সচিব